গোপালগঞ্জের বশেমুরবিপ্রবির ভিসিকে প্রত্যাহারের সুপারিশ ইউজিসির

গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরবিপ্রবি) উপাচার্য অধ্যাপক খোন্দকার নাসির উদ্দিনকে প্রত্যাহারের সুপারিশ করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)।

অনিয়ম-দুর্নীতি ও নৈতিক স্খলনের দায়ে কমিশনের তদন্ত কমিটি এই সুপারিশ করে।

ইউজিসির পাঁচ সদস্যের কমিটির প্রতিবেদন রোববার দুপুরে সংস্থার চেয়ারম্যানের কাছে হস্তান্তর করা হয়। পরে সেটি শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

প্রতিবেদনে তিনটি সুপারিশ আছে। সেগুলো হলো, উপাচার্য খোন্দকার নাসির উদ্দিনের বিরুদ্ধে যে সব অভিযোগ উঠেছে তার প্রমাণ হয়েছে, তিনি (খোন্দকার নাসির উদ্দিন) বিশ্ববিদ্যালয় পরিচালনার যোগ্য নন, তাই তাকে উপাচার্য পদ থেকে সরিয়ে দেওয়া এবং তার বিরুদ্ধে আনা বিভিন্ন অপরাধ প্রমাণিত হওয়ায় সেসব বিষয়ে আইনী ব্যবস্থা গ্রহণ।

এর আগে বুধবার বশেমুরবিপ্রবি সার্বিক অবস্থা পর্যবেক্ষণে বিশ্ববিদ্যালয়ে যান ইউজিসির তদন্ত দল।

তদন্ত দলের প্রধান ড. মো. আলমগীর হোসেন। অন্য সদস্যরা হলেন-ইউজিসির সদস্য ড. সাজ্জাদ হোসেন, ড. দিল আফরোজ বেগম, পাবলিক বিশ্ববিদ্যালয়ের পরিচালক কামাল হোসেন ও কমিটির সদস্যসচিব পাবলিক বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগের উপপরিচালক মৌরি আজাদ।

২৩ সেপ্টেম্বর মন্ত্রণালয়ের চিঠি পাওয়া পর পরদিন ২৪ সেপ্টেম্বর এ কমিটি গঠিত হয়।

অধ্যাপক ড. খোন্দকার নাসিরউদ্দিনের পদত্যাগের দাবিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে শিক্ষার্থীদের অবস্থান

□□□□□□□□□ □□□□□□□□□ □□□□□□□□ □□□□